দৈনিক
ইত্তেফাক

3 1 MAY 2003
পৃষ্ঠা ১৮ কলাম ১

# প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের নামে টাকা হাতিয়ে তারা পালিয়ে বেড়াচ্ছেন

রংপুর (দক্ষিণ) সংবাদদাতা ॥ নিজ অফিসে তাহা মেরে তিনদিন থেকে পালিয়ে বেড়াচ্ছেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসের প্রধান সহকারী মোসলেমউদ্দিনসহ কিছু

(১৪শ পৃঃ ৩ঃ)

## প্রাথমিক বিদ্যালয়ের

(১৬শ পৃঃ পর)

কর্মচারী। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের নামে মোটা অঙ্কের অর্থ হাতিয়ে নিয়েও চাকরি দিতে না পারায় প্রার্থীদের রোষানলের ভয়ে এ অবস্থা হয়েছে তাদের। অর্থ প্রদানকারী চাকুরি প্রার্থীরা দল বেঁধে তিনদিন ধরে তাদের খুঁজে পাচ্ছে না। জেলার ভারপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা অফিসারও তাদের অবস্থান সম্পর্কে কিছু বলতে পারছেন না। এদিকে তার অনুপস্থিতিতে দাপ্তরিক বিভিন্ন কাজকর্মে নানা জটিলতার সৃষ্টি হচ্ছে।

অভিযোগে জানা গেছে, প্রধান সহকারী ও কর্মচারীরা মিলে সহকারী শিক্ষক পদে চাকরি দেয়ার নামে অন্তত ২০ জন প্রার্থীর কাছ থেকে অবস্থান ভেদে ৪০ থেকে ৮০ হাজার টাকা করে আদায় করেন। কিন্তু অতি সম্প্রতি নিয়োগকৃতদের রোল প্রকাশ হলে অর্থদাতা চাকরি প্রার্থীরা তাদের হন্যে হয়ে খুঁজতে থাকে। বৃহস্পতিবার একদল সাংবাদিক সরেজমিনে প্রাথমিক শিক্ষা অফিসে গিয়ে তাদের কক্ষে তালা দেখতে পায়। তিনি কোথায় কিংবা ছুটিতে আছেন কিনা এমন প্রশ্নের জবাব দিতে পারেনি কেউই।